শুভেচ্ছা

শুভেচ্ছা জানিয়েছে আপনার প্রিয়জন। যা হয়ত বলতে পারেনি আপনার চোখে চোখ রেখে

ভালোবাসি তোমাকে

♥ আমার পৃথিবীতে অসংখ্য নদী, অগণিত সমুদ্র, পাহাড়, কতো পাখি, কতো ফুল, প্রজাপতি, কতো রঙের বাহার কিন্তু একটাই তুমি, শুধু একজনই তুমি। ভ্যালেনটাইন ডে'র শুভেচ্ছা অনেক অনেক।–শাহীন, চট্টগ্রাম

♥ রোমানা সিরাজগঞ্জ, হাজার ভালোবাসার ভিড়ে আমার এক টুকরো ভালোবাসা তোমার জন্য পাঠালাম সাপ্তাহিক ২০০০-এর মাধ্যমে। গ্রহণ করো।– বনিজ, সারিয়াকান্দি, বগুড়া

♥ শুধু তোমাকে ভালোবাসি বলে, আমার হাতে কলম, কলমে কালি, কাগজে লেখা। ভালোবাসি তোমাকে.....আমি

♥ ছোট গিন্নি (লিজা), তোমার মনের ফুলবাগানে সর্বদায় ফুটে থাক একগুচ্ছ সাদা গোলাপ এই কামনায়।– ভাইয়া, শ্যামলী, ঢাকা

♥ Hi! মনিকা, তোমার মনের আকাশে সর্বদায় খেলা করুক টুকরো সোনালী রোদ্দুর এই কামনায়।– ভাইয়া, ইস্কাটন, ঢাকা

♥ মিকু, একদিন বলেছিলে জীবনের সবচেয়ে আকর্ষণীয় জিনিসটি আমরা Miss করি। তোমার কথাটিই সত্যি হলো। তবুও তোমাকে মনে রাখব চিরদিন। ভ্যালেন্টাইন ডে'র ভালোবাসা নিও।– সীমা, পুরানা পল্টন, ঢাকা

♥ বগুড়ার শেলি, হঠাৎ ক্লান্ত পথে দেখা। তারপর মুগ্ধ দৃষ্টিতে দেখছিলাম। পাগল করা সেই দৃষ্টি আর হাসি। শুধু এই দিনটিতে নয়, তোমাকে ভালোবাসি সব সময়।– বারিক, ৮৩০/এ খিলগাঁও, ঢাকা-১২১৯

♥ প্রিয় ডলি, জানি আমার চাওয়া, আনন্দ, সুখ সবই অনুভব করো তুমি, শুধুই তুমি। তাই তো আমি রোমাঞ্চিত। তুমি আমার বাগদত্তা, ভ্যালেন্টাইন ডে'তে রইলো আমার অসীম ভালোবাসার স্বপ্নিল শুভেচ্ছা।–বারিক, কৃতুনীয়া উ.পাড়া, বগুড়া

♥ রতি (আন্নি), প্রতি দিনই একটি স্বপ্ন নতুনভাবে নতুন সাজে দেখি, কিন্তু বাস্তবতার মুখোমুখি হলেই স্বপ্নটা ভেঙে যায়। তবু নতুন আশায় বুক বাঁধি। শুভেচ্ছাসহ আন্নিকে– বন্ধু (B.C), সিদ্ধেশ্বরী

♥ 'M', তোমার অসংখ্য সাড়া আমাকে উৎসাহিত করেছে। পেয়েছি তোমার আনন্দ, তোমার বন্ধুত্ব আছে বলেই পৃথিবী এতো সুন্দর এবং স্বপ্নের রঙে রাঙ্গায়িত। এ জন্য তোমাকে এই দিনে অনেক শুভেচ্ছা।– 'U' Dhaka

♥ এসিড, সন্ত্রাস বিরোধী র‍্যালির জন্য আমাদের বন্ধু রাজু, সাজু, নীতিশ, সুমনের জন্য অনেক অনেক ভালোবাসা আর অনেক শুভকামনা। শুভ হোক এ পদযাত্রা, মুখরিত হোক জীবন।– মুন ও সুমি, তৈয়বা মঞ্জিল, আগ্রাবাদ, চট্টগ্রাম

♥ নীলা, ভ্যালেন্টাইন ডে'তে ইশরাত জাহান নীলাকে জানাই সোনালি শুভেচ্ছা, মম আপাকেও অনুরূপ শুভেচ্ছা। নীলা তুমি কখনো আমায় ভুল বুঝ না। আমি তোমাকে ভালোবাসি।– মারুফ, মতিঝিল, ঢাকা

♥ ফেনীর সোনিয়াকে, ভ্যালেন্টাইন ডে উপলক্ষে তোমাকে বিশ্বখ্যাত প্রেমিক রোমিও-জুলিয়েটের শুভেচ্ছা। জীবনটা অতি ক্ষুদ্র, তাই তোমাকে হৃদয়ের সমস্ত ভালোবাসা ভ্যালেন্টাইন ডে'তে তোমাকে উজাড় করে দিলাম। ভেবে দেখ তো এই দিনটাই কি সেই দিন, যে দিন থেকে তোমার এবং আমার মাঝে ভালোবাসার সম্পর্কের সূত্রপাত হয়েছিল?– Your loving Tusher

♥ প্রীতি ভাজনেষু, ভ্যালেন্টাইন দিবসে উষ্ণ শুভেচ্ছা। ভালোবাসা সবার জন্যে। প্রতিদিন সন্ধ্যে সাতটার পর ফোনে সেতুবন্ধন।– মাহবুব রানা, ঢাকা, ফোন : ৭১০১৩০৪-৬ এক্স-১২৩, মোবাইল : ০১৭৬৬০০৫১

♥ মা, আমি তোকে ভালোবাসি, বাংলাদেশ, আমি তোমায় ভালোবাসি, ভালো মানুষেরা, আমি তোমাদের ভালোবাসি। এ ভালোবাসা পূত পবিত্র ও নিঃস্বার্থ।– রবিউল ইসলাম, গ্রাম : ধনপর্দ্দি, পোঃ মুনসীরহাট, চাঁদপুর-৩৬০২, বাংলাদেশ

♥ উম্মে সালমা, হোসেনপুর, ফুলপুর, ময়মনসিংহ শুভেচ্ছা, শুভেচ্ছা, রঙিন শুভেচ্ছা, ভালোবাসা দিবস ২০০২-এর রক্তিম শুভেচ্ছা।– কবির আহমেদ বাবু, প্রাইম ওয়ার্ল্ড, এফ-১৭৪, মহাখালী, ঢাকা-১২১২

♥ Happy Valentines Day– নীল ভালোবাসা ছুঁয়ে যাক সবুজের মতো সুন্দরকে। ঝরনার মতো স্বচ্ছ হোক তোমার আমার সবার মন। এই দিনে ভালোবাসি সব সুন্দরকে আর তোমাকে।– পিয়া/সুমী, ৩০-তম, রংপুর মেডিকেল কলেজ

♥ পারস্পরিক শ্রদ্ধা, ধৈর্য, স্বার্থত্যাগ এবং আত্মবিশ্বাসই ভালোবাসার পূর্বশর্ত। মনি, তোমাকে আমি ভালোবাসি বাইশ বছর আগেও যেমন এখনো তেমনি এবং ভবিষ্যতেও অফুরন্ত। অনেক, অনেক এবং অনেক।– অনজু, টোকিও

♥ Rita, My Sweet heart, Happy Valentines Day, I love you as 'q' love 'u' With all my love...– Your's, Tarun Chowdhury, C.U

♥ লুৎফা, সবই দিয়েছো উজাড় করে। তারপরেও হাহাকার। এটাই ভালোবাসা– যার শেষ নাই। সারাক্ষণ পেতেই চাই, কাছে আরো নিবিড় করে, শেষ জীবনতক।– বিকি, সৌদিয়া

♥ মনের মানুষ, এমন কোনো মনের মানুষ নেই যাকে আজকের এই দিনে জানাব অফুরন্ত শুভেচ্ছা। সুপ্রিয় পাঠক, আপনিও হতে পারেন সেই মনের মানুষ যাকে জানাব আগামী এই দিনে।– শহীদ, ১০৯, এসএম হল, বিআইটি, ঢাকা, গাজীপুর

♥ Ovi, I love you more than any other person. But you`re not my best friend `CUZ I`m not your best friend. Happy Valentine`s day.– Bhoben

আমি ভ্যালেন্টাইন ডে পালন করি না, কারণ তোমার সঙ্গে ভালোবাসা হবার পর থেকে আমার জীবনের প্রতিটি দিনই হয়ে উঠছে এক একটি ভালোবাসার দিন। জেসমিন, ভালোবাসা নিও।

জীবনসঙ্গী করে স্বপ্নের নীড় গড়তে চাই।–এম.আর. তুহিন, শিকিরচর, মতলব, চাঁদপুর

♥ ভালোবাসা আকাশের নীলের মতোই বিশাল। আর যাদের আছে সেই বিশালতা বোঝার ক্ষমতা, তাদের জানাই ১৪ ফেব্রুয়ারিতে ভালোবাসার বারতা।– অনিশ

♥ নাজমা, তোমাকে আমি এতো ভালোবাসি, তারপরও তুমি তোমার হৃদয়ের অন্তঃস্থল থেকে আমাকে ভালোবাসতে পারনি, যার বহিঃপ্রকাশ আমার প্রতি তোমার এই দুই মাসের আচরণ। তোমার প্রতি ভ্যালেন্টাইন ডে'র শুভেচ্ছা রইল।– জামান, যশোর

♥ My dear sweet loving Rumana, আমার

আমরা দুঃখিত।

ভালোবাসা দিবসের ফ্রি বিজ্ঞাপনে পাঠকদের এমন অংশগ্রহণে আমরা অভিভূত। একই সঙ্গে আমরা দুঃখিত, সবার মনের সুপ্ত কথা এই সংখ্যায় ছাপতে ব্যর্থ হলাম বলে। তবে যাদের লেখা এখানে অপ্রকাশিত থাকল তাদের জন্যও থাকছে আনন্দের সংবাদ। অপ্রকাশিত শুভেচ্ছা প্রকাশিত হবে সাপ্তাহিক ২০০০-এর ঈদুল আযহা সংখ্যায়। ১৩ ফেব্রুয়ারিতে বাজারে যাবে ঈদ সংখ্যাটি। এই বিশেষ সংখ্যাটি ভালোবাসা দিবসে আপনি উপহার দিতে পারবেন আপনার প্রিয়জনকে। প্রিয়জন একই সাথে জেনে যাবে আপনার হৃদয়ের কথা। বি.স

♥ টিপ আমার, আমি তো জানি যতবার আমাদের এই পৃথিবীতে সৃষ্টি হবে ততবারই আমরা এক সঙ্গে ঘর বাঁধবো। শুভ হোক আমাদের বিবাহের এই দিনটি।–রত্না

♥ কেয়াজী, আমাদের এই বন্ধুত্বের বন্ধন হোক নিষ্পাপ, স্বার্থহীন। জীবনের কঠিন করাঘাতে এই বন্ধন যেন টুটে না যায়। জীবন হোক ফুলের পাপড়ির মতোই কোমল। আজ ভ্যালেন্টাইন ডে'তে এই কামনা করছি।– মামুন

♥ হীরা, আফরিন, প্রীতি ও ভালোবাসা নিও। বিশ্ব ভালোবাসা দিবসে পত্রিকাতে প্রকাশিত কথাগুলো তোমাদের প্রতি আমার ভালোবাসার শুভেচ্ছা। সুখী হও... শুভ কামনায়– এম, ঢাকা

♥ কলি, ভ্যালেন্টাইন ডে'তে তোমাকে আমার অন্তরের অন্তঃস্থল থেকে জানাচ্ছি অকৃত্রিম ভালোবাসা। জেনে রেখো কলি, তোমার কল্পনায় আর স্বপ্নের আঙ্গিনায় হবে আমার ভালোবাসার বসবাস।— এস, উদ্দিন লাল, দক্ষিণ ভাগ বড়লেখা

♥ রিমা, আমি তোমাকেই শুধু তোমাকেই ভালোবাসি। হৃদয়ের সমস্ত অংশ জুড়ে ভালোবাসার যে পৃথিবী আজ আমি গড়ে তুলেছি তার একমাত্র বাসিন্দা তুমি আর আমি...।— তোমারই মাসুদ।

♥ কেয়াজী, আজ এই বিশেষ দিনে আপনাকে জানাই হৃদয় নিংড়ানো অজস্র অকৃত্রিম ভালোবাসা ও সহস্র গোলাপের মৌ মৌ গন্ধে আমোদিত পরিবেশের মতোই মিষ্টি, মোলায়েম শুভেচ্ছা।— মামুন

♥ পৃথিবীর লাখ লাখ জুটিকে জানাই ভ্যালেন্টাইন ডে'র শুভেচ্ছা। তাদের ভালোবাসার বিশালতার ছটা আমাদের গায়েও লাগুক, ভালোবাসা হোক প্রত্যেকের জন্য প্রত্যেকের।— জীবন কৃষ্ণ মজুমদার, মিঠাপুকুর, রংপুর

♥ যে প্রিয়, তোমার ভালোবাসা আমার হৃদয়ে বসন্তের হাওয়া বইয়ে দেয়, আমি হারিয়ে যাই অন্য এক জগতে যেখানে শুধু তুমি আর কল্পনা, কান পেতে শুনি ঝরনার সঙ্গে গড়িয়ে পড়া নুড়ি পাথরের টুং টাং শব্দ। কেঁপে ওঠে পাথরের মূর্তির কৃষ্ণ কাল ওষ্ঠ, হারিয়ে যাই আবেগের জলস্রোতে, ভালোবাসা দিবসে তোমাকে জানাই আমার হৃদয়ের সবটুকু ভালোবাসা।— রিয়াজ, এসপিসিবিএল, গাজীপুর

♥ প্রিয় যে জন, কি দিয়ে জানাই প্রীতি ও অনাবিল আদর। পুষ্প বৃষ্টি? নাকি কোন প্রেম গীতি? সম্ভব হলে পৃথিবীর সব ফুল এনে তোমায় শুভেচ্ছা জানাতাম কিন্তু সেটা সম্ভব নয়। তাই ভালোবাসা দিবসে আমার হৃদয় কাননে ফোটা অসংখ্য লাল গোলাপের শুভেচ্ছা জানাই।— আর ইসলাম, ঢাকা-১০০০

♥ মৌ, নিশ্চয় দুর্ঘটনা বুঝতে পেরেছ, আমরা তোমাকে ভীষণ ভীষণ ভালোবাসি। জয় হোক ভালোবাসার। জয় হোক তোমার। ভ্যালেন্টাইন ডে'তে তোমাকে পৃথিবীর আজকে ফোটা সব গোলাপের শুভেচ্ছা।— বন্ধু ক'জন

♥ নিশাত, সেজুতি, টুম্পা, প্রীতি ও ভালোবাসা নিও। বিশ্ব ভালোবাসা দিবসে পত্রিকাতে প্রকাশিত কথাগুলো তোমার প্রতি আমার ভালোবাসার শুভেচ্ছা। সুখী হও...। শুভ কামনায়— তোমার ভালোবাসা (বুঝে নিও), খুলনা

♥ প্রিয় সাথী, রিক্তা, বীথি, টিপু, জোনায়েত, রাজনসহ সকল বন্ধুদের জানাচ্ছি ভ্যালেন্টাইন ডে'র অনেক প্রীতি, শুভেচ্ছা ও ভালোবাসা।— খন্দকার হাসান শাহ্‌রিয়ার, ২৩/২-এ, পিসি,ব্যানার্জি লেন, ঢাকা-১১০০

♥ তুমুল জনপ্রিয় বুদ্ধিজীবী, বিজ্ঞাপন কণ্ঠরাজ, একটি সংসারের গল্প'র রূপকার 'নাজমুল হুসাইন' ভাইয়াকে অনেক অনেক ভালোবাসা।— মোহাম্মদ ইব্রাহীম খলীলুল্লাহ্‌, মোহাম্মদী মেটাল ইন্ডাস্ট্রিজ,বারইয়ারহাট, মীরসরাই, চট্টগ্রাম-৪৩২৬

♥ আমার প্রিয় বন্ধুদের আকাশ, পরশ, স্বপন, ফয়সাল, দিপু, মোয়াজ্জেম, নিয়াজ, মিন্টুকে জানাই বিশেষ দিনের শুভেচ্ছা।—রবিন

♥ হ্যালো, খু.বি. (চাঁপা, রায়হান), হিরো (সি.মে.ক), খালিদ (বুয়েট) তুষার (ঢা.বি), স্বপ্না (বা.কৃ.বি), চৈতি (ইডেন), তুলি (ঢা.মে.ক) তৃষা (রা.বি)সহ সব বন্ধুকে শুভেচ্ছা। মৌসুমীকে আদর শুধুই আদর।— সোয়ান (ফিশারিজ), বা.কৃ.বি, ময়মনসিংহ

♥ আমার স্বপ্নময়ী রাজকুমারী, ভ্যালেন্টাইন ডে'তে তোমাকে জানাই আমার হৃদয় উজাড় করা ভালোবাসা, আর সে সঙ্গে শতাব্দীর সর্বশ্রেষ্ঠ উচ্চারণে বলি আমি তোমাকে ভালোবাসি, ভালোবাসি, ভালোবাসি। আমাদের বিয়ের প্রথম ভালোবাসা দিবস যেন আমরা আনন্দের সঙ্গে উদ্‌যাপন করতে পারি।— সাইমন, চট্টগ্রাম

♥ প্রিয় সাইমন, ভ্যালেন্টাইন ডে'তে তোমাকে জানাই আমার হৃদয় উজাড় করা অনেক অনেক শুভেচ্ছা আর ভালোবাসা। আমি এই ভ্যালেন্টাইন ডে উদ্‌যাপন করতে চাই ভীষণ আনন্দের সঙ্গে। আমি আমার ভালোবাসার মানুষটিকে স্বামী হিসেবে পেয়েছি এটাই সবচেয়ে আনন্দ। আবারও তোমাকে শুভেচ্ছা।— ঝর্ণা, রাউজান, নোয়াপাড়া

♥ ভ্যালেন্টাইন ডে'তে প্রথম আলো 'বন্ধুসভার' সব বন্ধুদের এবং সাপ্তাহিক ২০০০-এর সব 'ফোরাম' বন্ধুদের জন্য রইলো ভালোবাসা-বন্ধুত্ব

সোয়ান ফোম

শুভেচ্ছা অবিরাম!– সামুয়েল ইকবাল, রংপুর

♥ স্নিগ্ধা, আমার হৃদয়ের সর্বোচ্চ গভীর থেকে জানাই ভ্যালেন্টাইন ডে শুভেচ্ছা। আমি তোমাকে ভালোবাসি, ভালোবাসি এবং ভালোবাসি। তোমার সুখ কামনায়।– মোঃ খলিলুর রহমান সোহেল, চ.বি

♥ Wife Tuntuni, This valentine`s Day you will be far away. So I will wear your Favourite colours. I Carry you. In my Heart.– Husband Tokay

♥ বাবলী, Happy Velentine day to bably. প্রথমত তোমাকে চাই, শেষ পর্যন্ত তোমাকে চাই। আমার হৃদয়ের সবটুকু জুড়ে তুমি, তুমি আমার ভালোবাসার অহঙ্কার, তুমি আমার মনের তাজমহল, তুমি আমার প্রথম সকাল। আই লাভ ইউ বাবলী। ১৪ ফেব্রুয়ারি বিশ্ব ভালোবাসা দিবসের শুভেচ্ছা। – তোমারই Khalilur Rahaman Repon, C/o, Obeikan Book Shop, Post Box No- 13050, Buraydah, Al-Qassim no-81999, K.S.A

♥ Kafi, My younger brother, We all miss you Happy valentine day. – khalidrs01@yahoo.com

♥ এ নহে গো বন্ধু, শুধুই জীবনের ইতিকথা, এটাই যুগ, ধর্ম, ইতিহাস, ভালোবাসা হোক সকলের জন্য। হোক না দীন, কিংবা ধনী। এ শুভকামনায়।– নোভাক মাহ্দী, রুম নং-৩১৩, সাদ্দাম হল, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া

♥ On the occation of world velentines day, I extend my hearty love to all the female lovers who knows how to love a male.– Shuvra chakma, C/o Nareshwar chakma, office of the civil Surgeon, Khagrachari, 4400, Bangladesh

♥ পুতুল, ১৪ ফেব্রুয়ারি বিশ্ব ভালোবাসা দিবসে ও বসন্তের আগমন উপলক্ষে শুধু তোমার প্রতি রইল অফুরন্ত ভালোবাসা।–মাসুদ, ঢাকা

♥ পপি, জীবনের সমস্ত প্রতিকূলতার মাঝে তুমিই শুধু আশার আলো। আজ শুভ এই দিনে সেই আলো সারাজীবন বিচ্ছুরিত হোক এই প্রত্যাশায়।– রাজু

♥ প্রিয়া, নতুন আর কি? সেই একই কথা, You and me against the world.– পল্টন, পোর্ট কলোনি, রোড নং-৯, বাসা নং- ২৫৯/এ, বন্দর, চট্টগ্রাম

♥ চাঁদপুরের আসমাকে, যে আমার সব প্রশ্নের উত্তর দেয় না, অথচ যাকে আমি খুব খুব ভালোবাসি, সেই মেয়েটিকে ভ্যালেন্টাইন ডে'তে জানাই ভালোবাসাময় শুভেচ্ছা।– তানভীর, বি-ব্লক, বগুড়া

♥ আসমা, এই ভ্যালেন্টাইন ডে'তে তোমাকে জানাতে চাই 'এই যে আঁকাবাঁকা পথে তুমি রয়েছো সাথে/সোনালী রোদে ভিজে দেখ পৃথিবী হাসে'। ভালোবাসা দিবসের শুভেচ্ছায়।–তানভীর, বি-ব্লক, বগুড়া

♥ ভ্যালেন্টাইন ডে'তে আমার সব বন্ধু ও শুভকামনাকারীদের জানাই আন্তরিক শুভেচ্ছা ও অনেক অনেক ভালোবাসা। এই দিবসে সকলের সুখ,

মরিশাসে উচ্চ শিক্ষা

মন্তব্য নিস্প্রোজন

শান্তি, সমৃদ্ধি ও সুস্বাস্থ্য কামনা করি।– মেহেদী, সিলেট

♥ মৌসুমী, আমি তোমাকে সত্যিই খুব ভালোবাসি। তাই তোমার জন্মদিন ও ভ্যালেন্টাইন'স ডে'তে জানাচ্ছি আমার হৃদয়ের গভীরের প্রাণঢালা ভালোবাসা, অভিনন্দন ও শুভেচ্ছা।– মাসুদ

♥ রানী, 'আমি একা হলেই বুঝি তোমায় ছাড়া আমি কতো একা।' পবিত্র ভ্যালেন্টাইন ডে'তে তোমাকে জানাচ্ছি হৃদয় নিংড়ানো অফুরন্ত ভালোবাসা এবং লাল গোলাপের শুভেচ্ছা।–চাঁদ, পটিয়া, চট্টগ্রাম

♥ ভালোবাসা দিবসে সব প্রেমিক প্রেমিকাদের প্রতি আমার অনুরোধ কেউ কখনও খেয়ালের বশে কারো সঙ্গে ভালোবাসার অভিনয় করো না। সবাইকে জানাই ভালোবাসা দিবসের শুভেচ্ছা।– তাপস বড়ুয়া (অমিত), ধর্মরাজিক বৌদ্ধবিহার, ২য় তলা, রুম নং-২/৩, বাসাবো, ঢাকা-১২১৪

♥ জুসি, আমি তোমাকে ভালোবাসি। ভালোবাসা চারটি অক্ষরের মাত্র একটি শব্দ হলেও আমার কাছে তা অনেক বড়। জেনে রেখো বেঁচে থাকি আর মরে যাই মৃত্যুর একটি মুহূর্ত আগেও আমি তোমারই রয়ে যাব। শুধু তোমারই। ভ্যালেন্টাইন ডে'র শুভেচ্ছা।– নয়ন, গৌরাঙ্গুলা, কসবা, ব্রাহ্মণবাড়িয়া

♥ ধ্রুবর হবু বাবা, তোমাকে ভালোবাসি ভীষণ। ধ্রুবর হবু মা।–মিতি, ন.ফ হল, জা.বি

♥ Love made my world a dream of heaven like a fragrant flower. oh! Almighty, convey some love from my deepest heart to my dears.– Cadet Faisal (2206) XII Rabindra house, Faujdarhat Cadet College, Chittagong-4316

♥ ভ্যালেন্টাইন ডে একটি না বলা কথার প্রথম কথা। ভ্যালেন্টাইন ডে একটি নতুন সম্পর্কের প্রথম সূত্রপাত। ভ্যালেন্টাইন ডে একটি নতুন বার্তার বিশেষ সময়, ভ্যালেন্টাইন ডে একটি নতুন পরিচয়ের প্রথম হাতেখড়ি। ভ্যালেন্টাইন ডে তুমি ঠিক ১৪ ফেব্রুয়ারি, ধন্যবাদ ভালোবাসা, ধন্যবাদ ভালোবাসা।– Md. Zakir Hossain, House No-3, Road No-10, Black- G/1, (2nd fl), Mirpur-2, Dhaka-1216, Bangladesh

♥ দিয়া মির্জা/ডিফেন্স, ভ্যালেন্টাইন ডে'তে রইল কদম ফুলের শুভেচ্ছা।– Friend

♥ ভ্যালেন্টাইন ডে'তে আমার জানে মান (J.M)কে পৃথিবীর সবচেয়ে সুন্দরতম ফুলের শুভেচ্ছা।– Shahin

♥ চিত্রা, মির্জাপুর ভূমি জরিপ অফিস, টাঙ্গাইল– তোমার স্মৃতি আমার হৃদয়পটে ভেসে থাকবে অনন্তকাল, তোমাকে জানাই ভালোবাসা দিবসের শুভেচ্ছা।– কবীর, এফ-১৭৪, মহাখালী, ঢাকা-১২১২

♥ নীলু, ভালোবাসা দিবসে ভালোবাসার সংগ্রামী শুভেচ্ছা রইল। তোমার-আমার ভালোবাসার দুই দলীয় ঐক্যজোট চিরকাল অটুট থাকবে। আমরা অবশ্যই ক্ষমতায় (সংসারে) যাব। প্রতীক্ষা শুধু সময়ের।– রনী

♥ রুমি, লোদি, খুশি, তুষি, শাফি, তনি, তিশি, নরজিনা, সাজ্জিনা, হিরন, মনির, ইদ্রিস, বাবু সালাউদ্দিন, তাকবিন, পুতিলা, সব মামী, চাচী, ভাবী, আপনাদের জানাই ভালোবাসা দিবসের শুভেচ্ছা।– এস করিম, এনডি স্কুল, ঈসাখান, চট্টগ্রাম-৪২১৮

♥ বন্ধু 'T', তোমার অসংখ্য সাড়া আমাকে উৎসাহিত করেছে। পেয়েছি তোমার আনন্দ, তোমার বন্ধুত্ব আছে বলেই পৃথিবী এতো সুন্দর এবং স্বপ্নের রঙে রাঙ্গায়িত। এ জন্য তোমাকে এই দিনে অনেক শুভেচ্ছা।

♥ লাবনী, আমি তোমাকে ভালোবাসি, তাই বিশ্ব ভালোবাসা দিবসে পৃথিবীতে যতো গোলাপ ও বেলি ফুল ফুটবে সব ফুলের তোমাকে শুভেচ্ছা রইল।– মুস্তাক, গাংনী বাজার

আমার আদর্শ বাবা, পৃথিবীর শ্রেষ্ঠ মা এবং স্নেহময়ী বোন আখি, যারা আমার কর্মের অনুপ্রেরণা তাঁদেরকে আজকের এই দিনে শুভেচ্ছা জানাচ্ছি।– মোঃ শামসুদ্দোহা, ৪০১, মেইন হোস্টেল, রাজশাহী মেডিকেল কলেজ

নওসাদ, অঙ্গ ঝরানো রক্তবিন্দু দিয়ে এঁকেছি রক্ত গোলাপ, যা শীতের অতিথি পাখির পালকে বেঁধে দিয়েছি। সে বয়ে নিয়ে যাবে তোমার কাছে।– মোঃ আলী অলীব

'তার দুষ্টু হাসি, মিষ্টি মুখ, সাদা সাদা চোখ। তাকে আমার ভালোলাগে। সেতো তাহমিনা আলম।' আজকে বাগানে যতো সাদা গোলাপ ফুটেছে সব ফুলগুলো এই ভ্যালেন্টাইন ডে'তে তোমার জন্য উপহার।– নূরে আলম, গুলশান, ঢাকা থেকে

মুন্নী, বছরের অনেকগুলো দিনের মাঝে স্বপ্নীল এ দিনটির প্রতিটি ক্ষণ তোমার মনকে ভরিয়ে রাখুক অনিন্দ্য সুন্দর কিছু পাওয়ার আর অনাবিল আনন্দে।– খোকন, সাভার, ঢাকা

ভালোবাসার এই দিনে ঢাকার মুকুল, যশোরের জুয়েল এবং সেই সঙ্গে খুলনার শিমুল, ঈশ্বরদীর শাপলাকেসহ রেমনকে প্রাণঢালা শুভেচ্ছা। জাকির, তাহমিনা, এনামুলসহ ছোট্টমণি সামিবাবুকেও।– আইনুল, বগুড়া

আমাদের একমাত্র নাতী 'সামী' বাবুকে অনেক অনেক ভালোবাসা। সেই সঙ্গে ছোট্টমণি সাদী, রাহী, ও মেহেদীকেও অনেক ভালোবাসা।– সামী বাবুর নানা ও নানী

রুনা (বগুড়া), স্বাভাবিক সত্য যে, আমরা প্রেমিক-প্রেমিকা নই। তবুও ভ্যালেন্টাইন ডে'তে অকৃত্রিম-অকৃপণ ও শুদ্ধতম অফুরান বন্ধুত্বপূর্ণ ভালোবাসা। Don't take it otherwise. – বাবু, নিউ মার্কেট, পঞ্চগড়

বন্ধু, ঐ দেখ, আমাদের মাঝে হৃদ্যতার অনবদ্য সেতু দিন দিন কি বিস্তৃত ও সুদৃঢ় হচ্ছে। জীবনের সব সংকটে, দ্রোহে ও গ্রহণকালে পাশে রব, এই হোক ভ্যালেন্টাইন অঙ্গীকার।– জামান আফতাব, পূর্ব ২১৮, ঈশা খাঁ হল, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২

প্রিয় সোহেল, ভালোবাসি, যেভাবে ভালোবাসি, যেমন করে ভালোবাসি, ভালোবাসী আমি তোমার ভালোবাসার ছোঁয়া পাই? বাতাস থেকে, উপলব্ধি করি অন্তর দিয়ে। আমাদের পৃথিবীটা শুধু আমাদের থাকবে, আমরা সাজাব আমাদের স্বপ্ন দিয়ে, ভালোবাসা দিয়ে।–ঊর্মী

দিনা, আমি শুধু তোমাকে চাই। তুমি ছাড়া একটা মুহূর্তও কল্পনা করতে পারি না। তুমি আজ আমার নিঃশ্বাসে, অনুভবে, সমস্ত হৃদয় জুড়ে। ভালোবাসার এই দিনে বারবার একটি কথাই বলতে চাই। আমি তোমাকে ভালোবাসি, ভালোবাসি শুধুই তোমাকে।– সুমন, রাজশাহী থেকে

প্রিয়া (রাজারহাট), আমার স্বপ্নে রয়েছো তুমি, আমার চাওয়ায় তুমি, আমার মনে তুমি, এ কামনার সকল স্বপ্নের, আমার চরম ইচ্ছার পরম প্রিয়া তুমি।–প্রিয়

এই 'ভালোবাসা'র দিনে সকলের জীবন হোক ভালোবাসায় পূর্ণ এই কামনায়।– শিলা ও আব্দুল্লা

প্রিয় অপু মারাক, ভ্যালেন্টাইন দিনে তোমাকে জানাই, আমার অন্তর থেকে অন্তিম ভালোবাসা এবং পৃথিবীর সমস্ত গোলাপ ফুলের শুভেচ্ছা।– বিসু সাংমা

রোহানা, অপেক্ষায় আর উপেক্ষায় ভালোবাসার প্রগাঢ়তা সহস্রগুণ হয়ে রইল। শুধু তোমার জন্য। বুঝে নিও।– কেএইচ মাসুম, সিঙ্গাপুর, ফোন- ৯০৬২৮৩১৮

ঘোড়াশালের রাজিব রায়হান, আমার সাধ আপনার চোখের সমুদ্রে ভেসে বেড়াবার। আপনার ভালোবাসার অসীমে আকাশের নীলকে ছুঁয়ে যাবার বাসনা। আপনাকে ভালোবাসা দিবসের শুভেচ্ছা।– নাদিরা মনি, বয়রা, খুলনা

নিজে সুখী হও এবং অপরকে সুখী করো।– শিলা ও আব্দুল্লা

চট্টগ্রামের পাহাড়তলি থানাধীন উঃ কাট্টলী নাজির বাড়িতে আমার বাল্যবন্ধুরা, স্কুল ও কলেজ জীবনের সহপাঠী বন্ধুরা এবং পত্রমিতা বন্ধুরা তোমাদের সবার প্রতি রইল ভ্যালেন্টাইনস শুভেচ্ছা ও রাশি রাশি ভালোবাসা।– Shahidul Islam, P.o.Box- 6503, Al-Madinah, Saudi Arabia

হৃদয়ের মাঝে দগ্ধিত দুঃখ-বেদনা ভুলে চল, আমরা সবাই পরস্পরকে ভালোবেসে গড়ে তুলি এক ভালোবাসার স্বর্গ। সব বন্ধুদেরকে ভ্যালেন্টাইন ডে উপলক্ষে আমাদের পক্ষ থেকে অনেক অনেক শুভেচ্ছা।– এস.সি মিথুন/ শুভ, বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম-৪২০৬

জেবিন, ভালোবাসাবাসির দিনে ভালোবাসা নিও। আমি তোমাকে কি পরিমাণ ভালোবাসি তা পরিমাপ করা যাবে না। সাত সমুদ্দুর দূরে থেকেও তোমাকে অহর্নিশ অনুভব করি। বিয়েটা সেরে নেই, তারপর ভ্যালেন্টাইন বাড়ি দেখতে যাব।–রাজু

শেফা, জ্যোৎস্নার শুভ্রতা আর সত্যের সৌন্দর্য তোমার সুন্দর মনটাকে আরো আলোকিত করুক ভালোবাসার এই দিনটিতে।–আমিন, উপ-সহ প্রকৌশলী (মেরিন), আহমদাবাদ, কুলাউড়া, উত্তর বাজার

মিতু, আমার প্রতিটি মুহূর্ত কাটে তোমাকে ভালোবেসে। তোমার ভালোবাসা আমার জীবনের 'পাওয়ার হাউস'। হৃদয়ের প্রতিটি স্পন্দনে তুমি আছো।– হিরা, আইএসএসএল, ৮ মোমিন রোড, সিডিএ বা/এ, চট্টগ্রাম

ফারিয়া, তুমি যদি চাও/সূর্য হয়ে উঠতে পারি/ রোদ হয়ে হাসতে পারি/ মেঘ হয়ে ভাসতে পারি/বৃষ্টি হয়ে কাঁদতে পারি/ তোমাকে ভালোবাসতে পারি/ এবং ভালোবেসে মরতেও পারি।–জাকি, বাসা # ১৫, রোড #০৬, সেক্টর # ৩, উত্তরা, ঢাকা-১২৩০

আমরা নীল পদ্ম, ভালোবাসা দিবসে পদ্ম হয়ে আমাদের সব ভালোবাসা ছড়িয়ে দিচ্ছি অসংখ্য হৃদয়ের মাঝে।– 'o' নীল পদ্ম গ্রুপ, চট্টগ্রাম, nilpadmoh@yahoo.com

Dear M, ভালোবাসা দিবসের শুরুতেই তোমাকে জানাচ্ছি আমার ছোট্ট হৃদয়ের বাঁধ ভাঙা ভালোবাসা। তার সঙ্গে মিষ্টি প্রেমের কোমল স্পর্শ। মানসী, আমার পাশে তুমি সারাজীবন থেকো, আমি ওয়াদা করছি তোমাকে ছেড়ে আমি কোথাও যাবো না। ভালো থেকো।– তোমারই 'S'

কান্তা, যারা আছে কাছে, তারা কাছে থাক/তারা তো পারে না জানিতে/তাহাদের চেয়ে তুমি কাছে আছ/আমার হৃদয় যা নিতে। আমি তোমাকে সত্যিই ভালোবাসি।– মনির

হ্যাঁ সজল আমি তোমাকেই বলছি, তুমি দয়া করে আমার লেখাটা অবশ্যই পড়বে, আমি একজন অতি সাধারণ মেয়ে। পৃথিবীতে অনেক সজলই

আছে। তবে আমি যে সজলকে ভালোবাসি সে হচ্ছে 'ভারজিন তাকদুম তাকদুম'-এর সজল।—কাজল

♥ মনি, 'তোমায় লালন করেছি হৃদয়ের সঙ্গোপনে মনোদর্পণে আর ভালোবাসার অনিন্দ্য বিজ্ঞাপনে', গীতিময় শুভেচ্ছা।—শিহাব রায়হান, প্রাণিবিদ্যা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা-১৩৪২

♥ ভ্যালেন্টাইন ডে'তে বিনু ও টুপটুপিকে শিমুল ফুলের শুভেচ্ছা। তোমার বন্ধু হচ্ছে সেই, যে তোমার সম্পর্কে সবকিছু জানে এবং তবুও তোমাকে পছন্দ করে। মনে রেখ!— শিমুল, ১৫২, জনতা রোড, গোপালগঞ্জ

♥ ভ্যালেন্টাইন ডে'তে সব সন্ত্রাসীদের সন্ত্রাসী কর্মকান্ড ছেড়ে ভালো হওয়ার আহ্বান করছি— সততাই সম্মান ও শান্তি আনে। ধন্যবাদ।— মু. ইয়াকুব, পাঁচগাঁও, মির্জাপুর, টাঙ্গাইল

♥ প্রত্যেক প্রতিবন্ধির প্রতি আমার হৃদয় নিংড়ানো ভালোবাসা। তারা যেন পায় প্রতি মুহূর্তে হৃদয়ের উষ্ণ পরশ।— মুহাম্মদ ইয়াকুব, পাঁচগাঁও, মির্জাপুর, টাঙ্গাইল

♥ আলো, বসন্ত তোমার জন্যই। তুমি আছো বলেই আমার অস্তিত্ব এখনও আছে। আজ আমাদের এই স্বপ্নের দিনে তোমাকে জানাই আমার হৃদয়ের সমস্ত ভালোবাসা।—তন্ময়, যশোর

♥ Only smart, bold, adventurous & college going males-females are welcome to the world of Joy in happy valentine's day.– Joy, Medicine center, South Pahartali, Jharnapara, Ctg-4202, e-id-joy00000@hotmail.com

♥ আপা ও আজাদ ভাইয়া, বিশ্ব ভালোবাসা দিবসে আমাদের উজার করা ভালোবাসা তোমাদেরই জন্য। ভালোবাসায় ভরে থাক তোমাদের ভুবন।—কল্লোল-শিমুল

♥ ইউনুস, বন্ধু হিসেবে তোর ভালোবাসা পেয়ে মনে হচ্ছে 'ভালোবাসা' কথাটি সার্থক আজ। তাই আজও বলছি, 'বন্ধুত্বের সবটুকু ভালোবাসা শুধুই তোর জন্য।'—কল্লোল

♥ প্রিয় আব্বু, আম্মু, রীতা আপুসহ সব বন্ধু, শুভাকাঙ্ক্ষী এবং বিশেষ একজনকে আমার পক্ষ থেকে থাকলো ভ্যালেন্টাইন ডে'র অনেক প্রীতি, শুভেচ্ছা আর ভালোবাসা।— দীপু, সিংটোলা, ঢাকা

♥ প্রিয়া, তোমাকে শুভ নববর্ষের শুভেচ্ছা ও আমার ভালোবাসা রইল। মহান ২১শে ফেব্রুয়ারি তোমার জন্মদিনে থাকতে পারবো না বলে দুঃখিত। তবে শুভ হোক জন্মদিন।—আজাদ, ফ্রান্স

♥ রোকশানা, প্রথমত তোমাকে চাই, দ্বিতীয়ত তোমাকে চাই, তৃতীয়ত তোমাকে চাই, শেষ পর্যন্ত তোমাকে চাই। ২০০২ সালের ভ্যালেন্টাইন ডে'তে এই আমার জানান তোমাকে- I Love you.– বাবুল চৌধুরী

♥ ঢাকা মেডিকেলের প্রবাসী বান্ধবী ডা. রুবিনা, সাপ্তাহিক ২০০০-এর মাধ্যমে তোমাকে জানাচ্ছি আমার '২০০০ সপ্তাহ' জীবনের ভ্যালেন্টাইন শুভেচ্ছা।— বাংলাদেশের ডা. আজিজুর রহমান সিদ্দিকী

♥ রচি, তুমি আমার প্রথম শেষ এবং একমাত্র ভালোবাসা। আর বিশ্ব ভালোবাসা দিবসে তোমাকে জানাই আমার অন্তরের অন্তঃস্থল থেকে অনেক অনেক ভালোবাসা। তোমাকে ভীষণ ভালোবাসি।— তোমারই অলিন

♥ মিতু, আমার জীবন। সারা বছর এই দিনটির অপেক্ষায় থাকি ভালোবাসব বলে। এমনি হাজার বছরের এই দিনটির ভালোবাসা তোমাকে একসঙ্গে দিলাম বা তারও অধিক।— পল্লব, মোড়েলগঞ্জ, ঢাকা

♥ আমার ভালোবাসা 'শাহীন', আমাদের ভালোবাসা যেন কখনও হারিয়ে না যায় এইটুকু চাওয়া। ও যেখানেই থাক যেন ভালো থাকে এই প্রত্যাশায়।—মুনা, রংপুর

♥ ভালোবাসা এবং... ইতি, ভালোবাসা দিবসে তোমার জন্য আমার শুধুই ভালোবাসা, ভালোবাসা এবং...। যারা হারানোর ভয় করে না কিছুতেই তারাই একমাত্র ভালোবেসে সব হারাতে পারে। All my love always yours.– M. বাকৃবি, ময়মনসিংহ

♥ আসাদ, ভ্যালেন্টাইন ডে'র শুভেচ্ছা নিও। জীবনে যতোই ঝড় আসুক না কেন, আমি তোমারই থাকবো। এই প্রতিজ্ঞা করলাম ভ্যালেন্টাইন

ডে'তে।—মাহমুদা, রোকেয়া কলেজ, রংপুর

আলো, জানি তুমি পাবার নও, নও আমার হয়তো...অন্য কারো। আজ এই দিনে তোমাকে জানাই লাল গোলাপের শুভেচ্ছা এবং আমার অফুরন্ত ভালোবাসা।—একজন বিবাগী

চট্টগ্রাম হাজী মুহাম্মদ মুহসীন কলেজের সব ছাত্র-ছাত্রীদের 'ভ্যালেন্টাইন ডে'র শুভেচ্ছা রইল।— সাজ্জাদ, হিসাব বিজ্ঞান বিভাগ, মুহসীন কলেজ

মনিকা, তুমি হচ্ছো সেই মানুষ যে আমাকে শিখিয়েছ মানুষকে ভালোবাসতে। তাই আজ আমি তোমায় ভালোবাসতে পারি। বিশ্ব ভালোবাসা দিবসের শুভেচ্ছা এবং আনন্দ সম্পূর্ণ তোমার।—রিপন

প্রিয় এস, তোমার ভার্সিটি জীবনের প্রথম দিনেই আমার হৃদয়ের নিভৃততম স্থানে তুমি আসন করে নিয়েছো। আমার স্বপ্নে দেখা রাজকন্যাকে পেয়ে আমি ধন্য, গর্বিত। তোমাকে ছাড়া আজ আমি নিজেকে কল্পনাও করতে পারি না। কিন্তু আজও তোমাকে আমার সে ভালোবাসার কথা বলা হয়নি। তাই আজকে এ ভ্যালেন্টাইন দিবসে তোমাকে আমার হৃদয় উৎসারিত 'I love You' জানালাম।— আবদুল হাই আল হাদী, ২০৫, এএফ রহমান হল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

সোনাজান ২২১৮?, তুমি আমার ভ্যালেন্টাইন, তোমাকে জানাই ভ্যালেন্টাইন ডে'র গভীর ভালোবাসা, শুভেচ্ছা সঙ্গে ভালোবাসা মিশ্রিত অনেক অনেক আদর। পরিচ্ছন্ন জীবন কামনায়... তোমার। — সোনা H

প্রিয়া, ভালোবাসার যোগ্যতা হলো ভালোবাসতে জানা। আমি ভালোবাসতে জানি এবং তোমাকে ভালোবাসি। হ্যাপি ভ্যালেন্টাইন টু ইউ।— তারেক, বেগমগঞ্জ, নোয়াখালী

আমার জীবনের প্রথম ও শেষ ভালোবাসা লাবনী মনের গভীর থেকে তাকে ভালোবাসি। আমার সব চাওয়া পাওয়া তার মাঝে লিখে দিয়েছি, সবাইকে সাক্ষী রেখে বললাম লাবনীকে ভালোবাসি।— তারেক/সুমন, গৌরনদী, বরিশাল, বাংলাদেশ

প্রিয় রীতা, জানোই তো প্রতিটি ফাল্গুনেই তোমার জন্য আমার ভালোবাসা দ্বিগুণ হারে বৃদ্ধি পায়। অফুরন্ত ভালোবাসাসহ ভ্যালেন্টাইন-এর শুভেচ্ছা যেনো আবারো।— তোমারই অর্নব, চট্টগ্রাম

নূরী, হৃদয়ের বন্ধ দক্ষিণ দুয়ার খুলেছ উতলা হাওয়া হয়ে, ভাঙা ঘরে এসেছ চাঁদের আলো হয়ে। তবে সখি, তোমার চোখ হোক আমার আশ্রয়, মন হোক স্বপ্নের নাগরদোলা।— ফরিদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

শান্তি, ভালোবাসা বড়ই দুর্ভেদ্য। সেই ভালোবাসার স্বরূপ উন্মোচন করতে না পারলেও তোমাকে ভ্যালেন্টাইন ডে ২০০২ উপলক্ষে জানাই উদ্দাম ভালোবাসা।— আনন্দ, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ

সুমা, ভ্যালেন্টাইন ডে'র আগের রাতে আকাশে যতো তারা উঠবে তার থেকে একটি একটি করে তারা নিয়ে মালা বানিয়ে ভ্যালেন্টাইন ডে'র শুভ সকালে শুভেচ্ছা হিসাবে আমি তোমার গলায় পড়িয়ে দেবো।—বকুল, রোম, ইটালি

ওগো আমার প্রাণ প্রিয় তামিমা ইয়াছমিন রেশমা, আমার অন্তরের অন্তঃস্থল থেকে হৃদয় নিংড়ানো ভ্যালেন্টাইন শুভেচ্ছাসহ ভালোবাসা যার শুধুই শুরু আছে শেষ নেই।— মোঃ ছালেহ জোহা চুন্নু, Kitchener Road, P.o, Box No-0016, Singapore-912001

হাবিগঞ্জ-এর লিপি, ভ্যালেন্টাইন ডে'তে তোমাকে জানাই প্রাণঢালা ভালোবাসা ও শুভেচ্ছা। তোমার জীবনে বয়ে আসুক অনাবিল সুখ ও শান্তি, তোমার প্রতিটি মুহূর্ত অতিবাহিত হোক আনন্দে এই প্রত্যাশায় তোমার অজান্তে তোমাকে ভালোবাসার মানুষ।—এমএ হোসেন

মৌ, বিশ্ব ভালোবাসা দিবসে তোমার সুন্দর মন ও সুকোমল হৃদয়ে নিষ্পাপ শিশির ভেজা রক্তিম গোলাপের শুভ আশীর্বাদ, সুরভী স্পর্শ করুক, ভালোবাসা দিবসের শুভেচ্ছা রইল।- মোঃ ফারুক হোসাইন, রিয়াদ, সৌদি এরাবিয়া

আমার স্বপ্নময়ী রাজকুমারী ভ্যালেন্টাইন ডে'তে তোমাকে জানাই আমার হৃদয় উজার করা ভালোবাসা আর শুভেচ্ছা। ভালোবাসার লগ্নে আমাদের প্রতিজ্ঞা হোক আমরা শুধু দু'জন দু'জনকে ভালোবাসবো চিরকাল। মৃত্যুর আগ পর্যন্ত কেউ ছিন্ন করতে পারবে না আমাদের বন্ধন।- সাইমন, স্কাইল্যান্ড, চট্টগ্রাম

নিশাত, সেজুতি, টুম্পা, রইল ভ্যালেন্টাইন শুভেচ্ছা। I will do anything for love– কথাটির সত্যতা প্রমাণ করে চলেছি, তুমিও করবে, বড় শিল্পী হও...।— তোমার ভালোবাসা, (বুঝে নিও), খুলনা।

সেতু, আমি হারিয়ে গেলেও আমার সৌরভের অনুভূতিটুকু মনে রেখ, আমি স্বপ্ন হয়ে এসে তোমাকে স্পর্শ করবো। ভালো থেকো সকাল, দুপুর, সন্ধ্যা...সারাবেলা।— সুমন

রুমি, আজ এই ভালোবাসা দিবসে পৃথিবীর যতো গোলাপ ফুটবে সব তোমার জন্য, আর তোমাকে দিলাম আমার পৃথিবীর সবটুকু ভালোবাসা। ভুলে যেও না, আমাকে চিঠি দিও আর ভালো থেকো।— নাজমুল (মনি), শেরপুর রোড, বগুড়া

আমার জীবন (খুশী), শিশিরের মতো বিন্দু বিন্দু করে গড়ে ওঠা ভালোবাসার দৈর্ঘ্য আজ সমুদ্রের চেয়েও বিশাল। শুধু ভালোবাসা আর ভালোবাসা। এই ভালোবাসায় ডুবে থেকেই যেন আমার মরণ হয়। এই দিনে ভ্যালেন্টাইন ডে'র শুভেচ্ছাসহ চিৎকার করে জানিয়ে দিচ্ছি বিশ্বব্যাপী ভালোবাসি শুধু তোমাকে।—বুলি, চট্টগ্রাম

শিউলি, ভালোবাসা আকাশের মতো নীল উদার এক বিস্ময়ক। তুমিও

আকাশের মতো, যাকে সর্বক্ষণ ভালোবাসা যায়। ভ্যালেন্টাইন ডে'তে ফুটন্ত গোলাপ ফুলের শুভেচ্ছা রইলো।– এম আনোয়ারুল ইসলাম (বিপ্লব) গ্রা: মধ্যম মকর ধ্বজ, পাব্বর্তীগঞ্জ, লক্ষীপুর

মামণি ঈষিতা, তোমার জীবনে প্রতিটি দিন হোক ভ্যালেন্টাইন ডে'র মতো আনন্দের। ভ্যালেন্টাইন ডে'র শুভেচ্ছা রইলো। শুভেচ্ছান্তে, তোমার বড় মামা– এম আনোয়ারুল ইসলাম (বিপ্লব), ঢাকা ক্যান্টমেন্ট, ঢাকা-১২০৬

মুনিরা, একটা শখ তোমাকে জানাবো। তোমার হাসি খুব সুন্দর, যদিও একবারই দেখেছি। কুমিল্লা থেকে চট্টগ্রাম যাচ্ছ। জীবনটা হেসে-খেলে কাটাও। ভালো থেকো। ICC-Sister অনুদিকে শুভেচ্ছা জানিও।– চাঁদনী

মিস মলি, আমার মিথ্যা তোমার মামাকে কেন ভাবালো? লোপার বান্ধবী সিনা, অনিক, নেহা, কনক আর দময়ন্তী, রংপুরের রসির ইচ্ছাতে লক্ষীপুরের রাজবাড়িতে ফিরেছে। অনেক ভালোবাসা রইল।–সিয়াম

সব প্রেমিক-প্রেমিকা ভাইবোনদের রইল ভালোবাসা। আমিও একজন প্রেমিক, তাই আমার প্রেমিকাকে ১৪ ফেব্রুয়ারিতে ১৪টি ১৪ রকমের ফুল দেবো– সব লাল।

মুন্না, তোমাকে কেন এতো ভালোবেসে ফেলেছি জানি না। শুধু জানি ভালোবাসি, ভালোবাসবো 'I love You Munna'. ভ্যালেন্টাইন ডে'তে রইল একটি মাত্র লাল গোলাপের শুভেচ্ছা।– তোমারি সুপ্তি

শিশিরের জন্য ভালোবাসা ভালোবাসা এবং ভালোবাসা

'কিছু কিছু মানুষের সৃষ্টি হয় হারিয়ে যাবার জন্য। যে ভালোবাসা সহজে পাওয়া যায় তার কদর কম। কাউকে ভালোবাসতে হলে তার অনুভূতির প্রতি শ্রদ্ধাশীল হতে হয়। প্রহসন কিংবা প্রলোভন নয়।' সব বন্ধুকে এ দিনে শুভেচ্ছা।– আসিফ, জিপি ৮৩৬/১ মহাখালী, ওয়ারলেছ গেট, ঢাকা

অনন্যা, আমি পৃথিবীর অন্যতম সুখী মানুষ, তোমাকে ভালোবেসে এবং তোমার ভালোবাসা পেয়ে।–দীপ

ময়না বউ, তোমার সঙ্গ, তোমার ভালোবাসা পেয়ে আমি ধন্য। বিধাতাকে ধন্যবাদ এই অশান্ত সময়ে তোমার সাথী করে দেয়ার জন্য। আমি ধন্য।– দীপ

ত্রোপা, ভ্যালেন্টাইন ডে'র শুভেচ্ছা, পৃথিবীর সব দেয়ালে আমি লিখে দেবো তোমার নাম। চিৎকার করে জানিয়ে দেবো সারা বিশ্বকে– আমি তোমাকে, শুধু তোমাকেই ভালোবাসি।– বৈরাগী

শীতের শেষ ঋতুরাজ বসন্তের আগমনে পৃথিবীর সব ভালোবাসার মানুষের কাছে রইল আমার ভ্যালেন্টাইন শুভেচ্ছা।– প্রতাপ দেবনাথ, প্র/ জামি মেঃ হল, শাহপরান গেইট, খাদিমনগর-৩১০৩, সিলেট

অমিত, দোস্ত অনেক দিন ধরে তোমার সঙ্গে যোগাযোগ নেই। তুমি কি আমার ওপর রাগ করে আছো? রাগ করো না Please! ভ্যালেন্টাইন ডে'তে ফোন করবো। Amit you are my best friend. I miss you.– Shovo

পৃথ্বী, তুমি একজনই পৃথিবীতে রয়েছ, যাকে অনন্তকাল ভালোবাসা যায়। তাই ভালোবাসা দিবসে পৃথিবীতে যতগুলো গোলাপ ফুটবে, সবগুলো গোলাপের শুভেচ্ছা দিলাম তোমাকে।– তোমার আকাশ

মোহাম্মদপুর টাউন হলের হান্নাকে (যে আমাকে দেখলে জানালার পর্দা আটকে লুকিয়ে যায়) ভ্যালেন্টাইন ডে'তে আমার অসীম অকৃত্রিম প্রথম ভালোবাসার শুভেচ্ছা জানাই। আমার প্রতিটি মুহূর্ত কাটে তোমাকে ভেবে।– চিনে নাও

ভ্যালেন্টাইন ডে'তে ইনডিপেনডেন্ট ফ্রেন্ডস সোসাইটির সব ক্রেডিট হোল্ডারকে জানাই ভালোবাসার উষ্ণ শুভেচ্ছা, সবার জীবন ভালোবাসায় পূর্ণ হোক। এই শুভ কামনায় ক্রেডিট নং-ওয়ান। ইনডিপেনডেন্ট ফ্রেন্ডস সোসাইটি (IFS)

Mimi, my mind Keeps wanderira to the time we will be together again. I miss you so much. I love you. Happy 'V' Day.– Dr. Maung

ভালোবাসার বিনিময়ে যারা কিছুই প্রত্যাশা করে না এমনকি ভালোবাসাও, শুধু তাদের জন্যই আমার ভালোবাসা।– শামীম আখতার শিমুল,

ইমদাদুল হক মিলন